

ডায়াবেটিস ও যৌন সমস্যা

ডায়াবেটিস রোগীদের অনেকেই বন্ধাত্বে ভুগেন। এটি তাদের জন্য প্রধানতম ডায়াবেটিস জনিত প্রজনন সমস্যা, বিশেষ করে পুরুষদের ক্ষেত্রে। পুরুষ ডায়াবেটিস রোগীদের মধ্যে যৌনকর্মে অংশগ্রহণের অপারগতা প্রকট হয়ে দেখা দেয়। এটি ডায়াবেটিসের অন্যতম দুঃখজনক জটিলতা। আর বেশির ভাগ ক্ষেত্রেই এ জটিলতা থেকে ডায়াবেটিস রোগীরা বেরিয়ে আসতে পারেন না। ৩৫% পর্যন্ত ডায়াবেটিস রোগী সমস্যায় ভুগছেন। আরো আতংকের বিষয় হলো, এ সমস্যা প্রতি বছরই বাড়ছে। এর সাথে বর্ধিত আয়ুষ্কাল, রেটিনোপ্যাথি, হাতে পায়ের রক্তনালির সমস্যা, স্নায়ুবিদ্য সমস্যা ইত্যাদি এর সাথে সম্পৃক্ত থাকতে পারে।

কতদিন ধরে বিশেষ মানুষটি ডায়াবেটিসে ভুগছেন এক্ষেত্রে তা ততোটা গুরুত্বপূর্ণ নয়। তার চেয়ে রক্তের গ্লুকোজের মাত্রা নিয়ন্ত্রণ কতটা কঠোরভাবে করা হচ্ছে তা বেশি গুরুত্বপূর্ণ। ৫ বছর ধরে ডায়াবেটিসে ভুগছেন এমন পুরুষদের প্রায় ৩০% বন্ধাত্বে ভুগছেন।

ডায়াবেটিস একটি হরমোন জনিত রোগ। আর এর মূল হরমোনটি (ইনসুলিন) অন্যান্য আরো অনেক হরমোনের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে। ইনসুলিনের প্রকৃত ও আপাত ঘাটতি পরোক্ষ ভাবে যৌন হরমোনগুলোকে নিবৃত্ত করে। যার ফলে পুরুষটি যৌনাকাংখার খরায় ভুগেন। এর সাথে বিপাকীয় সমস্যা, হৃদরোগ ও ধূমপান ইত্যাদি মিলে একটি জটিল অবস্থার সৃষ্টি করে যার ফলে পুরুষটি ক্রমশ যৌনক্রিয়ায় শারীরিক ও মানসিক ভাবে অসমর্থ হয়ে পড়তে থাকেন।

যে সব ডায়াবেটিস রোগী যৌন কর্মে অপারগতা ও বন্ধাত্বে ভুগছেন, তাদেরকে যথেষ্ট পরিমাণে পরীক্ষা নিরীক্ষা করা জরুরী। এক্ষেত্রে রক্তের গ্লুকোজ, রক্তের লিপিড, রক্তের ক্রিয়েটিনিন, হরমোন সমূহ ইত্যাদির পরিমাণ বা মাত্রা হয়ে পড়ে।

ডায়াবেটিস রোগীদের যৌনকর্মে অপারগতা বা বন্ধাত্বে চিকিৎসা করতে গিয়ে প্রথমেই দরকার হয় রক্তের গ্লুকোজ কার্ঠোরভাবে নিয়ন্ত্রণ করা। তারপর অন্যান্য সহযোগী সমস্যা থাকলে তা দূর করার চেষ্টা করতে হবে। এবং তাকে আশ্বস্ত করতে হবে ও সাহস যোগাতে হবে। প্রয়োজনে তার সঙ্গিনীকেও উসাত্হ দিতে হবে।

ডাঃ শাহজাদা সেলিম

এন্ডোক্রাইনোলজি বিভাগ

বারডেম হাসপাতাল, শাহবাগ, ঢাকা।

চেম্বার:

ফার্স্ট ল্যাভ

মোজাফফর টাওয়ার (৩য় তলা)

৫৫ বীর উত্তম সি আর দত্ত রোড, হাতিরপুল, ঢাকা।

ফোন : ০১৯১৯০০০০২২, ০১৭৪৫৯৯৯৯৯০, ৯৬১৩৩৮৯-৯০

Email: selimshahjada@gmail.com

